তারিখ 11 DEC 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

দৈনিক বাংলা

07

121

# ভুয়া স্কুলের নামে বরাদ্দ টাকা আত্মসাৎ

(নিজস্ব সংবাদদাতা)

বরগুনা, ৯ই ডিসেম্বর।—জালিয়াতির মাধ্যমে গাব্দার্ফী গ্রীন হাই স্কুলের ৪০ (চল্লিশ) হাজার টাকা ব্যাংক থেকে উঠিয়ে আত্মসাৎ করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, বামনা সদর উপজেলার সফিপুর এলাকার আঃ সোবাহান খান পূবালী ব্যাংক বামনা শাখা হিসাব নং-২৯৭৮ থেকে ১৫-৫-৮৯ তারিখে ১৫ (পনর) হাজার টাকা এবং ৩১-৮-৮৯ তারিখে ২৫ (পঁচিশ) হাজার টাকা উত্তোলন করে মোট ৪০ হাজার টাকা আত্মসাৎ করেছে।

সম্প্রতি বাংলাদেশ-লিবিয়া ওয়েলফেয়ার ট্রাস্ট-এর পক্ষ থেকে এক পরিদর্শন টিম বামনায় আসলে উক্ত স্কুলের কোন নাম নিশানা পাওয়া যায়নি।

এ ব্যাপারে বামনা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। প্রাথমিক পুলিশী তদন্তে আঃ সোবাহান খানের সাথে এনায়েত কবির, সালাহ উদ্দিন ও উত্তম কুমার নামের আরো তিন ব্যক্তি জড়িত আছে বলে জানা গেছে।